

তারিখ... 04 JUL 2005

পৃষ্ঠা... ৪০... জ্ঞান... ৪

দৈনিক

ইনকিলাব

রাবি বাজেটের ৭২ শতাংশই বেতন ও ভাতাখাতে

রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে সংবাদপত্র ৥ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ২০০৫-০৬ অর্থ বছরের মূল বাজেটের ৭২ ভাগই অর্থ বরাদ্দ করা হয়েছে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের বেতন ও ভাতাদি খাতে। শিক্ষা ও আনুষঙ্গিক খাতে বরাদ্দ করা হয়েছে মোট বাজেটের প্রায় ৭ ভাগ। গত বৃহস্পতিবার ভিসি প্রফেসর ড. এম আলতাফ হোসেনের সভাপতিত্বে সিন্ডিকেট সভায় এর কোষাধ্যক্ষ প্রফেসর আবদুল জব্বারের উপস্থাপনায় ৭১ কোটি ৭০ লাখ টাকার মূল বাজেট অনুমোদিত হয়।

সূত্র মতে, গত ২০০৪-০৫ অর্থ বছরে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ৬১ কোটি ৭৩ লাখ টাকা মূল বাজেট অনুমোদিত হয়। চলতি বছরে ১০ কোটি টাকা অধিক অনুমোদন করা হয়েছে। এ অর্থ বছরে বেতন ও ভাতাদি খাতে মূল বাজেট

অনুমোদিত হয়েছে ৪৮ কোটি ৩৫ লাখ টাকা। যা ২০০৪-০৫ সালে সংশোধিত বাজেটে ছিল ৪০ কোটি ৬০ লাখ টাকা এবং ২০০৩-০৪ অর্থ বছরের মূল বাজেটে ছিল ৩৬ কোটি টাকা। শিক্ষা ও আনুষঙ্গিক খাতে ২০০৫-০৬ অর্থ বছরে মূল বাজেটে ৫ কোটি ৬০ লাখ টাকা। যা ২০০৪-০৫ অর্থ বছরে সংশোধিত বাজেট ছিল ৫ কোটি ১৩ লাখ এবং ২০০৩-০৪ সালের মূল বাজেটে ছিল ৪ কোটি ৬৫ লাখ টাকা।

নাম প্রকাশে অনিচ্ছুক একজন সিন্ডিকেট সদস্য ইত্তেফাককে বলেন কোন বিশ্ববিদ্যালয়ের মোট বাজেটের সিংহ ভাগের বেশি যদি বেতন ও ভাতাদি খাতে বরাদ্দ করা হয় তাহলে শিক্ষার উন্নয়ন কতটা হবে।